# স্নাতকোত্তর পরীক্ষা-২০১৬

## বাংলা

(নূতন পাঠক্রম)

**প্রথম সেমেস্টার**

**পত্র : ১০১**

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।*

*সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।*

১। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৮×৩=২৪

ক) ন্যূনতম শব্দজোড়ের সাহায্যে আদর্শ চলিত বাংলার ব্যঞ্জন স্বনিমগুলি নির্ণয় করো।

খ) রূপিম বা রূপমূল সনাক্তকরণে নিদার দুটি সূত্র উদাহরণসহ আলোচনা করো।

গ) প্রাচীন ভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লিপিবদ্ধ করো।

ঘ) রাঢ়ী উপভাষার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লিপিবদ্ধ করো।

ঙ) সংগঠনী সঞ্জননী ভাষাবিজ্ঞান অনুসারে বাংলা ভাষার অন্বয় নিয়ে আলোচনা করো।

[Turn over]

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

ক) বাংলা স্বনিমের পাঁচটি বৈশিষ্ট্য লেখো।

খ) টীকা লেখো ঃ সমাজভাষা।

গ) সংক্ষেপে শব্দার্থ তত্ত্বের ধারাগুলি উদাহরণসহ আলোচনা করো।

ঘ) পালি ভাষার বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো।

৩। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×৩=৬

ক) সরল ও জটিল বাক্যের দুটি করে বৈশিষ্ট্য লেখো।

খ) বাংলা মৌখিক ও অনুনাসিক স্বরস্বনিমগুলি লেখো।

গ) অপঠিত লিপি বলতে কী বোঝ? দুটি অপঠিত লিপির পরিচয় দাও।

ঘ) হিব্রু ও আরবি ভাষা দুটি কোন্ ভাষা বংশের অন্তর্গত?

ঙ) ঝাড়খণ্ডী উপভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

———————

# স্নাতকোত্তর পরীক্ষা-২০১৬

## বাংলা

(নুতন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

পত্র : ১০২

বিষয় : বাংলা সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস

(প্রাচীন ও মধ্যযুগ)

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।*

*সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।*

১। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৮×৩=২৪

ক) মধ্যযুগের বাংলা সাহিত্য, সমাজ ও সংস্কৃতির পটভূমিকায় তুর্কি আক্রমণের প্রভাব আলোচনা করো।

খ) চর্যাপদগুলিতে অন্ত্যজ সমাজের প্রাত্যহিক জীবনের চিত্র কীভাবে বর্ণিত হয়েছে — আলোচনা করো।

গ) 'শ্রীকৃষ্ণকীর্তন নাট্যলক্ষণাক্রান্ত আখ্যানকাব্য'
— যুক্তির নিরিখে বিচার করো।

ঘ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে বড়ায়ি চরিত্রের উপযোগিতা উল্লেখ করো।



ঙ) কৃত্তিবাসের রামায়ণে বাল্মীকির রামায়ণ বহির্ভূত অনেক ঘটনাই সন্নিবিষ্ট হয়েছে। — আলোচনা করো।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) চৈতন্যোত্তর যুগের বাংলা সাহিত্য, সমাজ ও সংস্কৃতির বিকাশের ধারাটি পর্যালোচনা করো।

খ) 'উঁচা উঁচা পাবত তহিঁ বসই সবরী বালী' — পদটিতে শবর-শবরীর প্রণয় চিত্রের মধ্য দিয়ে রোমান্টিকতার পরিচয় কীভাবে ফুটে উঠেছে — আলোচনা করো।

গ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের বংশীখণ্ডের গুরুত্ব বিচার করো।

ঘ) 'লঙ্কাকাণ্ডে ইন্দ্রজিৎবধ উপাখ্যান' — কৃত্তিবাসী রামায়ণের এই উপাখ্যানটি লেখো।

৩। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ২×৩=৬

ক) মধ্যযুগে কোন্ সামাজিক পটভূমিতে মঙ্গলকাব্যগুলি রচিত হয়?

খ) চর্যাগীতির ভাষাকে 'সন্ধ্যাভাষা' বলা হয় কেন?

গ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে ব্যবহৃত দুটি প্রবাদের উল্লেখ করো।

ঘ) 'বন পোড়ে আগ বড়ায়ি জগজনে জাণী।
মোর মন পোড়ে যেহ্ন কুম্ভারের পণী।।'
— ছত্র দুটির তাৎপর্য লেখো।

ঙ) কৃত্তিবাসের জন্মস্থান কোথায়? কে প্রথম কৃত্তিবাসের আত্মবিবরণী প্রকাশ করেন?

---

# স্নাতকোত্তর পরীক্ষা-২০১৬

## বাংলা

## (নুতন পাঠক্রম)

## প্রথম সেমেস্টার

## পত্র : ১০৩

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।*

*সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।*

১। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৮×৩=২৪

ক) অন্নদামঙ্গলের কাব্য-পরিকল্পনার অভিনবত্ব বিচার করো।

খ) পাঠ্য পদ অবলম্বনে বৈষ্ণব পদাবলির শিল্পমূল্য নিরূপণ করো।

গ) অন্নদামঙ্গলের হাস্যরস কাব্যের বিষয়ের সঙ্গে কীভাবে সম্পৃক্ত তা আলোচনা করো।

ঘ) চৈতন্য জীবনীসাহিত্যে 'চৈতন্যচরিতামৃতে'র স্থান নির্ণয় করো।

ঙ) 'মনসামঙ্গল' কাব্যটিকে লোকপুরাণ বলা কতদূর সঙ্গত, তা উদাহরণসহযোগে আলোচনা করো।

*[Turn over]*

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

ক) পাঠ্য পদ অবলম্বনে মাথুর পর্যায়ের পদে বিদ্যাপতির কৃতিত্ব বিচার করো।

খ) অন্নদামঙ্গল কাব্য অনুসারে সংস্কৃত ছন্দোরীতিতে ভারতচন্দ্রের কৃতিত্ব নিরূপণ করো।

গ) 'চৈতন্যচরিতামৃতে' গোপী প্রেমতত্ত্ব কীভাবে কৃষ্ণদাস কবিরাজ বিশ্লেষণ করেছেন তা আলোচনা করো।

ঘ) কেতকাদাসের মনসামঙ্গলে 'রাখাল পালা'র প্রয়োজনীয়তা কী, কাব্যানুসরণে আলোচনা করো।

৩। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×৩=৬

ক) 'মাধব কি কহব দৈব বিপাক' — এখানে কোন্ কোন্ দৈব বিপাকের কথা বলা হয়েছে?

খ) রূপের পাথারে আঁখি ডুবি সে রহিল।
যৌবনের বনে মন হারাইয়া গেল।।
— তাৎপর্য ব্যাখ্যা করো।

গ) 'ভারতচন্দ্রের ভাষা কৌশলময়, ভাবময় নহে'
— কে, কোথায় একথা বলেছিলেন?

ঘ) চৈতন্যচরিতামৃত ত্রিধারার **সমন্বয়** গ্রন্থ — ত্রিধারা কী কী?

ঙ) শিবের বিষপানের সময় মনসা কোথায় ছিলেন ও তাঁকে কে আনতে গিয়েছিলেন?

# স্নাতকোত্তর পরীক্ষা-২০১৬

## বাংলা

### (নুতন পাঠক্রম)

### প্রথম সেমেস্টার

### পত্র : ১০৪

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।*

*সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।*

১। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৮×৩=২৪

ক) রসতত্ত্বের সর্বশ্রেষ্ঠ মীমাংসক কে, তা ব্যাখ্যা করে বুঝিয়ে লেখো।

খ) কাব্য 'ধ্বনির' স্বরূপ সম্পর্কে আলোকপাত করো।

গ) রোমান্টিক সাহিত্যতত্ত্বের স্বতন্ত্র বিশেষত্বগুলি উদাহরণসহ লিপিবদ্ধ করো।

ঘ) পোয়েটিকস্ অনুসরণে ষড়ঙ্গ শিল্পরূপে ট্রাজেডির বিশ্লেষণ করো।

ঙ) রবীন্দ্রনাথের সাহিত্যতত্ত্ব সম্পর্কে আলোকপাত করো।

[Turn over]

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) 'কাব্যং গ্রাহ্যমলংকারাৎ' — অভিমতটি বালকোচিত বলে উড়িয়ে দেওয়া সমীচীন কিনা সংক্ষেপে আলোচনা করো।

খ) সাহিত্যের সর্বজনীন ক্ষেত্রে মার্কসীয় সাহিত্যতত্ত্বের সীমাবদ্ধতা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

গ) 'অনুকরণ' বিষয়ে অ্যারিস্টটলের অভিমতটির গুরুত্ব কোথায়, তা বুঝিয়ে লেখো।

ঘ) বাংলার নারীবাদী সাহিত্যতত্ত্বের ভূমিকাটি পরিস্ফুট করো।

৩। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ২×৩=৬

ক) বাক্যে যে কোনো ব্যঞ্জনা থাকলেই তা কাব্য হয়না কেন, উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

খ) ধারাধিপতি ভোজদেবের মতে অলঙ্কার কত প্রকার ও কী কী?

গ) Imagination ও Fancy-এর মধ্যে পার্থক্য কোথায় তা লেখো।

ঘ) 'কাথারসিস' কী?

ঙ) বঙ্কিমচন্দ্রের সাহিত্যতত্ত্বের দুটি আকর প্রবন্ধের নাম লেখো।

———————

# স্নাতকোত্তর পরীক্ষা-২০১৬

## বাংলা

(নুতন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

পত্র : ১০৫

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।*

*সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।*

১। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৮×৩=২৪

ক) রামমোহন রায় ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের গদ্যের বৈশিষ্ট্যের তুলনামূলক আলোচনা করো।

খ) উনিশ শতকের বাঙালি মহিলা কবিদের কাব্যবিশেষত্বের পরিচয় দাও।

গ) দুই মহাযুদ্ধের মধ্যবর্তী বাংলা উপন্যাসের লক্ষণগুলি আলোচনা করো।

ঘ) স্বাধীনতা-উত্তর বাংলা ছোটোগল্পের বিবর্তনের রূপরেখাটি পরিস্ফুট করো।



ঙ) বিশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলা সাহিত্যচর্চার সাময়িক পত্র-পত্রিকার অবদান সম্পর্কে আলোকপাত করো।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

ক) বাংলা সাময়িক পত্রিকার ইতিহাসে উনিশ শতকের 'বঙ্গদর্শন' পত্রিকার গুরুত্ব পর্যালোচনা করো।

খ) বাংলা নাটকের ইতিহাসে 'নবান্ন'-র ভূমিকা আলোচনা করো।

গ) বাংলা গদ্য সাহিত্যের বিকাশে ফোর্ট উইলিয়ম কলেজের দুজন লেখকের অবদান আলোচনা করো।

ঘ) বাংলা কবিতার বিবর্তনের ধারায় 'কৃত্তিবাস' ও 'শ্রুতি' পত্রিকা দুটির ভূমিকা বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।

৩। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×৩=৬

ক) 'রৈবতক', 'কুরুক্ষেত্র', 'প্রভাস' — কাব্যগুলির প্রথম প্রকাশকাল লেখো।

খ) বাংলা গদ্যের বিকাশে 'তত্ত্ববোধিনী' পত্রিকার দুটি অবদান লেখো।

গ) যামিনী কবিরাজ কোন্ উপন্যাসের চরিত্র? উপন্যাসটির প্রকাশকাল উল্লেখ করো।

ঘ) বাংলা সাহিত্যে 'হাংরি জেনারেশন'-এর সূচনা কীভাবে হয়েছিল?

ঙ) বারটোল্ড ব্রেখ্‌টের নাটকের দুটি উল্লেখযোগ্য বিশেষত্ব লেখো।

---

# স্নাতকোত্তর পরীক্ষা-২০১৬

# বাংলা

## (নূতন পাঠক্রম)

## প্রথম সেমেস্টার

## পত্র : ১০৬

## বিষয় : উনিশ শতকের সাহিত্য

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।*

*সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।*

১। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৮×৩=২৪

ক) রবীন্দ্রনাথ বলেছিলেন, "আমি মেঘনাদবধ কাব্যের অঙ্গ-প্রত্যঙ্গ লইয়া সমালোচনা করিলাম না। প্রাণের আধার লইয়া সমালোচনা করিলাম, দেখিলাম তাহার প্রাণ নাই। দেখিলাম তাহা মহাকাব্যই নয়।" — পূর্বাপর আলোচনা করে, তোমার অভিমত ব্যক্ত করো।

খ) 'মেঘনাদবধ কাব্য' রামায়ণ আহৃত কাহিনির পুনরাবৃত্তি নয়, এটি নবজাগ্রত বাঙালির দৃষ্টি, নিয়তি-লাঞ্ছিত নবমানবতাবোধের একটি দৃপ্ত পদক্ষেপ। — সমকালের বিচারে মন্তব্যটির মূল্যায়ন করো।

গ) "মৈত্রীবিরহ, প্রীতিবিরহ, সরস্বতীবিরহ যুগপৎ ত্রিবিধ বিরহে উন্মত্তবৎ হইয়া আমি 'সারদামঙ্গল' সঙ্গীত রচনা করি।" — মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

[Turn over]

ঘ) আত্মজীবনীগ্রন্থ হিসাবে 'আমার জীবন' গ্রন্থটির সার্থকতা বিচার করো।

ঙ) 'সেকাল ও একাল' গ্রন্থে সেকালের ইংরেজি শিক্ষার পরিচয় যেভাবে পাওয়া যায়, উদাহরণ সহযোগে তার বিশ্লেষণ করো।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

ক) মধুসূদন 'প্রমীলা' চরিত্রটিকে কিভাবে তাঁর কাব্যে প্রয়োগ করেছেন?

খ) 'সারদামঙ্গল' কাব্যে প্রতিফলিত নিসর্গচেতনার পরিচয় দাও।

গ) রাসসুন্দরী দেবীর প্রাক্-বিবাহিত জীবনের সংক্ষিপ্ত বর্ণনা দাও।

ঘ) রাজনারায়ণ বসু তাঁর 'সেকাল ও একাল' গ্রন্থে সেকালের ও একালের সাহেবদের কোন্ কোন্ বৈশিষ্ট্যের কথা তুলে ধরেছেন, তা সংক্ষেপে বিবৃত করো।

৩। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×৩=৬

ক) বারুনী যুদ্ধের সংবাদ সংগ্রহের জন্য কাকে কোথায় পাঠিয়েছিলেন?

খ) মেঘনাদবধকাব্যের তৃতীয় সর্গের নাম কি এবং সর্গটির সূচনায় কি আছে?

গ) 'সারদামঙ্গল' কাব্যের 'উপহার' গীতের রাগিনী ও তাল উল্লেখ করো।

ঘ) 'আমার জীবন' গ্রন্থটি প্রথম কবে প্রকাশিত হয়েছিল এবং তখন লেখকের বয়স কত ছিল?

ঙ) 'সেকাল ও একাল' গ্রন্থানুসারে সেকাল ও একালের সীমারেখাটি উল্লেখ করো।

# স্নাতকোত্তর পরীক্ষা-২০১৬

## বাংলা

(পুরাতন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

পত্র : ১০১

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।*

*সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।*

১। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৮×৩=২৪

ক) বাংলা সাহিত্যের আদিপর্বের নিশ্চিত নিদর্শনের কথা স্মরণে রেখে চর্যাপদের সাহিত্যমূল্য নিরূপণ করো।

খ) বাংলা সাহিত্যের আদি-মধ্যযুগের বিভিন্ন ধারার পরিচয় দাও।

গ) বাংলার সমাজ ও সাহিত্যে চৈতন্যদেবের বৈপ্লবিক ভূমিকার স্বরূপ বিশ্লেষণ করো।

ঘ) মঙ্গলকাব্যের ধারায় ধর্মমঙ্গল কাব্যের স্বতন্ত্রতা বিচার করো।

ঙ) 'বাউলেরা শাস্ত্রাচার ও লোকাচার মানেন না, মানেন শুধু রস ও ভাবের পথ। — অভিমতটি পর্যালোচনা করো।

[Turn over]

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) বাংলা সাহিত্যের প্রাচীন যুগকে 'হিন্দু-বৌদ্ধ যুগ' বলা যায় কিনা বিচার করো।

খ) বাংলা সাহিত্যে শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির ভূমিকা নির্ণয় করো।

গ) মনসামঙ্গল কাব্যের সমাজচিত্রের পরিচয় দাও।

ঘ) সংক্ষেপে বৈষ্ণব পদাবলির সঙ্গে শাক্ত পদাবলির তুলনামূলক আলোচনা করো।

৩। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ২×৩=৬

ক) উদাহরণসহ চর্যাপদের ভাষার দুটি বিশেষত্ব লেখো।

খ) মালাধর বসুর শ্রীকৃষ্ণবিজয় আর কী কী নামে পরিচিত?

গ) সপ্তদশ শতাব্দীর পূর্বের দুজন মুসলমান কবির পরিচয় দাও।

ঘ) ভারতচন্দ্রের উক্তি প্রবাদবাক্যে পরিণত হয়েছে অন্নদামঙ্গল কাব্যের এমন দুটি পংক্তির উল্লেখ করো।

ঙ) কাঙাল হরিনাথ মজুমদারের পরিচয় দাও।